

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

ষষ্ঠ শ্রেণি

বাংলা

পূর্ণমান : ২০

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×৩=৩
- ১.১ খোলের মধ্যে বোঝাই করা রয়েছে —
- (ক) ধান (খ) আলু
(গ) গম (ঘ) শুকনো খড়ের আঁটি
- ১.২ নদীর ধারে রয়েছে —
- (ক) অশ্বখ গাছ (গ) একটি বড়ো নৌকো
(খ) রাখাল (ঘ) পথিক
- ১.৩ কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তীর একটি কাব্যগ্রন্থ হলো —
- (ক) নীল নির্জন (খ) যেতে পারি কিন্তু কেন যাব
(গ) প্রান্তরেখা (ঘ) ছড়ানো ঘাঁটি
২. নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও : ১×৩=৩
- ২.১ ‘ভরদুপুরে’ শব্দটির অর্থ কী?
- ২.২ ‘ভরদুপুরে’ কবিতায় রাখালবালক গাছের তলায় শূয়ে শূয়ে কী দেখেছে?
- ২.৩ ‘ভরদুপুরে’ কবিতায় বর্ণিত ‘গালচে’ টি কী দিয়ে প্রস্তুত?
৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ৩×৩=৯
- ৩.১ ‘ভরদুপুরে’ কবিতায় ‘অশ্বখ’ গাছটিকে ‘পথিকজনের ছাতা’ বলা হয়েছে কেন?
- ৩.২ ‘ভরদুপুরে’ কবিতায় নদীর ধারের চিত্রটি কীভাবে উপস্থাপিত হয়েছে?
- ৩.৩ ‘আঁচল পেতে বিশ্বভুবন/ঘুমোচ্ছে এইখানে’। — কবির মনে এমন অনুভূতি জেগেছে কেন?
৪. নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো : ৫
- ‘ভরদুপুরে’ কবিতায় গ্রামবাংলার যে অলস দুপুরের ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।